নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৭.১৯-৬১৮

তারিখ: ১৯ ভাদ্র ১৪২৬
০৩ সেপ্টেম্বর ২০১৯

**বিষয়: ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন ও উপনির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২০ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে মাননীয় নির্বাচন কমিশন এতদসংগে সংযুক্ত (সংলগ্নী-১) ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নরূপভাবে সময়সূচি নির্ধারণ করেছেন:

| | | | |
|---|---|---|---|
| রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র/অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১২ সেপ্টেম্বর ২০১৯ | বৃহস্পতিবার |
| রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৫ সেপ্টেম্বর ২০১৯ | রবিবার |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২২ সেপ্টেম্বর ২০১৯ | রবিবার |
| **ভোটগ্রহণের তারিখ** | : | **১৪ অক্টোবর ২০১৯** | **সোমবার** |

২। **ইউনিয়ন পরিষদের শূন্য পদে উপনির্বাচন** : উল্লিখিত সময়সূচির সাথে সংগতি রেখে এতদসংগে সংযুক্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য শূন্য পদে (সংলগ্নী-২) উপনির্বাচন ১৪ অক্টোবর ২০১৯ তারিখে অনুষ্ঠানের জন্যও সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৩। **প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম** : নির্ধারিত সময়সূচি অনুযায়ী বিধি ১৫ অনুসারে মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল আদেশের বিরুদ্ধে আপিল দায়েরের শেষ তারিখ **১৮ সেপ্টেম্বর ২০১৯** দায়েরকৃত আপিল **২১ সেপ্টেম্বর ২০১৯** তারিখের মধ্যে নিষ্পত্তি করতে হবে। তাছাড়া প্রার্থিতা প্রত্যাহারের জন্য নির্ধারিত শেষ তারিখ **২২ সেপ্টেম্বর ২০১৯** এর পরের দিন অর্থাৎ **২৩ সেপ্টেম্বর ২০১৯ তারিখে প্রতীক বরাদ্দের** কার্যক্রম সম্পন্ন করতে হবে। মনোনয়ন ও প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম উল্লিখিত সময়সূচির সাথে সমন্বয় করে সম্পন্ন করতে হবে।

৪। **রিটার্নিং অফিসার নিয়োগ** : স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ অনুসারে ইতঃপূর্বের নির্দেশনার আলোকে রিটার্নিং অফিসার নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করতে হবে।

৫। **আপিল কর্তৃপক্ষ নিয়োগ** : স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১৫ অনুযায়ি আপিল কর্তৃপক্ষ হিসেবে সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তা নিয়োজিত থাকবেন।

৬। **ভোটগ্রহণের সময়সীমা** : বর্ণিত তফসিল অনুসারে ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ করা হবে।

৭। **সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রাখা** : সময়সূচি অনুসারে নির্বাচনি কার্যক্রম গ্রহণের লক্ষ্যে রিটার্নিং অফিসারের অফিস, জেলা নির্বাচন অফিস, উপজেলা নির্বাচন অফিস সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে খোলা রেখে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। তাছাড়া প্রয়োজনে অফিস সময়ের পরেও অফিস খোলা রাখার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৮। **প্রার্থী মনোনয়নের জন্য নিবন্ধিত রাজনৈতিক দলকে অবহিতকরণ** : স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর বিধান এবং বিধিমালার বিধি ১২ এর উপবিধি (৩) এর দফা (গ) এর উপদফা (ঈ) অনুসারে চেয়ারম্যান পদে নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক প্রার্থী মনোনয়নের সুবিধার্থে সময়সূচির বিজ্ঞপ্তি প্রচারের পর পর নিবন্ধিত সকল রাজনৈতিক দলকে অবহিত করতে হবে।

৯। **প্রতীক বরাদ্দের প্রত্যয়ন :** সর্বশেষ সংশোধিত বিধিমালা অনুসারে রিটার্নিং অফিসার কর্তৃক প্রতীক বরাদ্দ করতে হবে। প্রতীক বরাদ্দের পর সংশ্লিষ্ট প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নিকট হতে নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার এবং জেলা নির্বাচন অফিসারকে তা যাচাই করে প্রত্যয়নপত্র প্রদান করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাচন কর্মকর্তাও ভূমিকা পালন করবেন।

১০। **অন্যান্য নির্দেশনা :** সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন ও পরবর্তীতে অনুরূপ বিভিন্ন নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন হতে জারিকৃত পরিপত্র, নির্দেশনা ও সিদ্ধান্তের আলোকে কার্যকর যাবতীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

১১। বর্ণিতাবস্থায়, উল্লিখিত নির্দেশনা অনুসারে সংলগ্নী: ১-২ এ বর্ণিত ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

সংলগ্নী: উপরে বর্ণিত

৩/৯/১৯

**মোঃ আতিয়ার রহমান**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail:sasemc1@gmail.com

১। জেলা প্রশাসক, ........................................ (সংশ্লিষ্ট)
২। সিনিয়র/জেলা নির্বাচন অফিসার, ........................... (সংশ্লিষ্ট)
৩। উপজেলা নির্বাহী অফিসার,......................... (সংশ্লিষ্ট)
৪। উপজেলা নির্বাচন অফিসার, ....................... (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৭.১৯-৬১৮

তারিখ: ১৯ ভাদ্র ১৪২৬ / ০৩ সেপ্টেম্বর ২০১৯

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৫. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. সচিব, ..................................................................(সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, ................................................ (সংশ্লিষ্ট)
১০. উপ মহাপুলিশ পরিদর্শক, ........................................(সংশ্লিষ্ট)
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৩. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৪. মহাব্যবস্থাপক (সি.আই.বি), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
১৫. পুলিশ সুপার, ..............................................................(সংশ্লিষ্ট)
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..........................................(সংশ্লিষ্ট)

১৭. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৮. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ এর একান্ত সচিব (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২০. প্রোগ্রামার (সংশ্লিষ্ট), সিনিয়র সহকারী সচিব/সহকারী ..........................(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

২১. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ..............................................(সংশ্লিষ্ট)

২২. .........................................................................................রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

২৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ............................................................ (সংশ্লিষ্ট থানা)।

০৬/০৯/১৯

**(মোহাম্মদ আশিফাকুর রহমান)**
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২

# ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচনের বিবরণী

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | নির্বাচনের ধরণ |
|---|---|---|---|---|
| ১. | রাজশাহী | বাঘা | ১. গড়গড়ি | সাধারণ নির্বাচন |
| | | | ২. বাজুবাঘা | সাধারণ নির্বাচন |
| | | | ৩.পাকুড়িয়া | সাধারণ নির্বাচন |
| | | | ৪. মনিগ্রাম | সাধারণ নির্বাচন |
| ২. | বান্দরবান পার্বত্য জেলা | নাইক্ষ্যংছড়ি | ৫.নাইক্ষ্যংছড়ি | সাধারণ নির্বাচন |
| | | | ৬.ঘুমধুম | সাধারণ নির্বাচন |
| | | | ৭. সোনাইছড়ি | সাধারণ নির্বাচন |
| ৩. | সিরাজগঞ্জ | শাহজাদপুর | ৮.হাবিবুল্লাহনগর | সাধারণ নির্বাচন |
| | | | ৯.পোরজানা | সাধারণ নির্বাচন |
| ৪. | ফেনী | দাগনভূঁঞা | ১০. রামনগর | সাধারণ নির্বাচন |
| | | | ১১. দাগনভূঁঞা | সাধারণ নির্বাচন |
| ৫. | নারায়ণগঞ্জ | রূপগঞ্জ | ১২. রূপগঞ্জ | সাধারণ নির্বাচন |
| ৬. | সুনামগঞ্জ | জগন্নাথপুর | ১৩.মিরপুর | সাধারণ নির্বাচন |
| ৭. | চট্টগ্রাম | বোয়ালখালী | ১৪. কধুরখীল | সাধারণ নির্বাচন |

মোহাম্মদ আশফাকুর রহমান
সহকারী সচিব
নির্বাচন কমিশন সচিবালয়

সংলগ্নী-২

## ইউনিয়ন পরিষদের বিভিন্ন শূন্য চেয়ারম্যান, সাধারণ ওয়ার্ডের সদস্য ও সংরক্ষিত ওয়ার্ডের সদস্য পদে উপনির্বাচনের বিবরণী

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম |
|---|---|---|---|---|
| ১. | পঞ্চগড় | তেঁতুলিয়া | শালবাহান | ৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২. | কুড়িগ্রাম | নাগেশ্বরী | রায়গঞ্জ | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩. | গাইবান্ধা | সাঘাটা | জুমারবাড়ী | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪. | | গোবিন্দগঞ্জ | কামদিয়া | ২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫. | | সাদুল্লাপুর | কামারপাড়া | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬. | দিনাজপুর | সদর | উথরাইল | ২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৭. | | বীরগঞ্জ | সাতোর | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৮. | | হাকিমপুর | বোয়ালদাড় | ৬নং ওয়ার্ডের সাধারণ সদস্য |
| ৯. | | পার্বতীপুর | হরিরামপুর | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১০. | রাজশাহী | তানোর | সরনজাই | ২নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ১১. | | দূর্গাপুর | দেলুয়াবাড়ী | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১২. | নাটোর | সদর | দিঘাপতিয়া | ৬নং ওয়ার্ডের সাধারণ সদস্য |
| ১৩. | | | লক্ষীপুর খোলাবাড়িয়া | চেয়ারম্যান |
| ১৪. | সিরাজগঞ্জ | রায়গঞ্জ | ধামাইনগর | ৬নং ওয়ার্ডের সাধারণ সদস্য |
| ১৫. | | শাহজাদপুর | নরিনা | ৬নং ওয়ার্ডের সাধারণ সদস্য |
| ১৬. | পাবনা | ভাঙ্গুড়া | দিলপাশার | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৭. | বগুড়া | কাহালু | বীরকেদার | ২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৮. | | গাবতলী | রামেশ্বরপুর | ৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৯. | | ধুনট | কালেরপাড়া | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২০. | | দুপচাঁচিয়া | চামরুল | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২১. | নওগাঁ | নিয়ামতপুর | বাহাদুরপুর | ২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২২. | | | ভাবিচা | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৩. | | পোরশা | গাংগুরিয়া | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৪. | | ধামইরহাট | ইসবপুর | চেয়ারম্যান |
| ২৫. | মৌলভীবাজার | সদর | আমতৈল | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৬. | | কুলাউড়া | পৃথিমপাশা | ৩নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ২৭. | | | | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৮. | | বড়লেখা | বড়লেখা সদর | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৯. | | | বর্ণি | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩০. | সুনামগঞ্জ | ছাতক | ইসলামপুর | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩১. | | শাল্লা | আটগাঁও | ২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩২. | সিলেট | গোলাপগঞ্জ | পশ্চিম আমুড়া | ২নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৩৩. | | জৈন্তাপুর | চিকনাগুল | ২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৪. | | বিয়ানীবাজার | তিলপাড়া | ২নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ৩৫. | | ওসমানীনগর | দয়ামীর | ৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম |
|---|---|---|---|---|
| ৩৬. | হবিগঞ্জ | মাধবপুর | আন্দিউড়া | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৭. | | | | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৮. | | | ধর্মঘর | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৯. | | | নোয়াপাড়া | চেয়ারম্যান |
| ৪০. | | নবীগঞ্জ | দেবপাড়া | চেয়ারম্যান |
| ৪১. | | শায়েস্তাগঞ্জ | ব্রাহ্মণডোরা | ৭ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪২. | | হবিগঞ্জ সদর | লোকড়া | ৬ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৩. | | বানিয়াচং | বানিয়াচং উত্তর পুর্ব | ১নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ৪৪. | বরিশাল | বাবুগঞ্জ | রহমতপুর | ১নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ৪৫. | ভোলা | সদর | ভেদুরিয়া | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৬. | | | শিবপুর | ৮ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৭. | | | দক্ষিণ দিঘলদী | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৮. | | দৌলতখান | সৈয়দপুর | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৯. | পটুয়াখালী | রাঙ্গাবালী | চালিতাবুনিয়া | চেয়ারম্যান |
| ৫০. | পিরোজপুর | কাউখালী | সয়নারঘুনাথপুর | ৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫১. | ময়মনসিংহ | হালুয়াঘাট | বিলডোরা | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫২. | | ফুলবাড়ীয়া | ভবানীপুর | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫৩. | | ফুলপুর | বওলা | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫৪. | | | ভাইটকান্দি | ২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫৫. | | ধোবাউড়া | ঘোষগাঁও | ১নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ৫৬. | | মুক্তাগাছা | মানকোন | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫৭. | টাঙ্গাইল | গোপালপুর | ঝাওয়াইল | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫৮. | কিশোরগঞ্জ | বাজিতপুর | কৈলাগ | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫৯. | নেত্রকোনা | মদন | মাঘান | ৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬০. | | সদর | চল্লিশা | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬১. | জামালপুর | ইসলামপুর | কুলকান্দি | চেয়ারম্যান |
| ৬২. | শেরপুর | নকলা | পাঠাকাটা | ২নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৬৩. | ঢাকা | ধামরাই | বাইশাকান্দা | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬৪. | মানিকগঞ্জ | সাটুরিয়া | তিল্লি | চেয়ারম্যান |
| ৬৫. | মুন্সীগঞ্জ | গজারিয়া | গজারিয়া | ২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬৬. | নারায়ণগঞ্জ | নারায়ণগঞ্জ সদর | ফতুল্লা | ৫নং ওয়ার্ডের সাধারণ সদস্য |
| ৬৭. | | রূপগঞ্জ | কায়েতপাড়া | ৩নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ৬৮. | নরসিংদী | মনোহরদী | দৌলতপুর | ৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬৯. | ফরিদপুর | ভাংগা | মানিকদহ | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৭০. | মাদারীপুর | কালকিনি | গোপালপুর | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৭১. | শরীয়তপুর | ডামুড্যা | সিড্যা | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৭২. | রাজবাড়ী | গোয়ালন্দ | ছোটভাকলা | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৭৩. | | | উজানচর | ১নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৭৪. | | কালুখালী | রতনদিয়া | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৭৫. | খুলনা | ফুলতলা | ফুলতলা | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৭৬. | বাগেরহাট | ফকিরহাট | বেতাগা | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম |
|---|---|---|---|---|
| ৭৭. | | শরণখোলা | সাউথখালী | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৭৮. | মাগুরা | মহম্মদপুর | নহাটা | ৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৭৯. | সাতক্ষীরা | আশাশুনি | কুল্যা | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৮০. | ঝিনাইদহ | মহেশপুর | কাজীরবেড় | ৬নং ওয়ার্ডের সাধারণ সদস্য |
| ৮১. | চাঁদপুর | হাজীগঞ্জ | বড়কুল (পঃ) | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৮২. | | ফরিদগঞ্জ | চরদুখিঃয়া | ৬নং ওয়ার্ডের সাধারণ সদস্য |
| ৮৩. | কুমিল্লা | মুরাদনগর | রামচন্দ্রপুর (উত্তর) | ২নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৮৪. | | | চাপিতলা | ৯নং ওয়ার্ডের সাধারণ সদস্য |
| ৮৫. | | মেঘনা | বড়কান্দা | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৮৬. | নোয়াখালী | কবিরহাট | ধানশালিক | ২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৮৭. | | চাটখিল | পাঁচগাঁও | চেয়ারম্যান |
| ৮৮. | | সেনবাগ | ছাতারপাইয়া | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৮৯. | লক্ষ্মীপুর | কমলনগর | চর কালকিনি | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৯০. | | | চরলরেন্স | ২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৯১. | | রায়পুর | সোনাপুর | ৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৯২. | | লক্ষ্মীপুর সদর | মান্দারী | ২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৯৩. | ব্রাহ্মণবাড়িয়া | নাসিরনগর | বুড়িশ্বর | ৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৯৪. | | বিজয়নগর | চম্পকনগর | ০৮নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৯৫. | | ব্রাহ্মণবাড়িয়া সদর | তালশহর পূর্ব | ০৪নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৯৬. | | সরাইল | কালিকচ্ছ | ০২নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৯৭. | | সরাইল | শাহজাদাপুর | ০১নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৯৮. | কক্সবাজার | কুতুবদিয়া | বড়ঘোপ | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৯৯. | | টেকনাফ | টেকনাফ সদর | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১০০. | রাঙ্গামাটি পার্বত্য জেলা | সদর | মগবান | ৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১০১. | | বাঘাইছড়ি | মারিশ্যা | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১০২. | | লংগদু | মাইনীমুখ | ১নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ১০৩. | | | | ২নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ১০৪. | | | | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১০৫. | | জুড়াছড়ি | বনযোগ | ১নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ১০৬. | বান্দরবান পার্বত্য জেলা | নাইক্ষ্যংছড়ি | দোছড়ি | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১০৭. | খাগড়াছড়ি পার্বত্য জেলা | সদর | খাগড়াছড়ি | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১০৮. | | দীঘিনালা | কবখালী | ১নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ১০৯. | | | | ২নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ১১০. | | | | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |

সহকারী সচিব
নির্বাচন কমিশন সচিবালয়